দৈনিক জনকণ্ঠ

তারিখ ০৫ MAR 2018
পৃষ্ঠা ১ কলাম ২

# সরকারী চাকরিতে আজ এক হাজার কওমি আলেম

স্টাফ রিপোর্টার ॥ কওমি সনদের সরকারী স্বীকৃতির গেজেট প্রকাশের পর আজ সোমবার একযোগে সরকারী চাকরিতে যোগ দিচ্ছেন এক হাজার ১০ জন 'কওমি আলেম'। দেশের ইতিহাসে একসঙ্গে এত কওমি আলেমের সরকারী চাকরিতে যোগদানের ঘটনা এটাই প্রথম। ইসলামিক ফাউন্ডেশনের বাস্তবায়নাধীন মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম (ষষ্ঠ পর্যায়) প্রকল্পের দারুল আরকাম ইবতেদায়ী মাদ্রাসায় কওমি নেসাবের শিক্ষক হিসেবে তারা যোগ দেবেন। কওমি মাদ্রাসার সরকারী সনদের অফিসিয়াল স্বীকৃতির প্রক্রিয়া (৪ পৃষ্ঠা ৫.কঃ দেখুন)

## সরকারী চাকরিতে

(প্রথম পৃষ্ঠার পর)

চলার মধ্যেই রবিবার সরকারের ইসলামিক ফাউন্ডেশনের মাধ্যমে এ ঘোষণা আসল। এর আগে রবিবারই রাজধানীতে আলেম ওলামাদের সঙ্গে আয়োজিত এক অনুষ্ঠানে. স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল বলেছিলেন, প্রক্রিয়া শেষ হলেই কওমি মাদ্রাসার অফিসিয়ালি স্বীকৃতি দেয়া হবে। মাদ্রাসা থেকে মেধাবী ছেলেরা বেরিয়ে আসবে। যারা আমাদের দেশের নেতৃত্ব দেবে। কওমি স্বীকৃতির ঘোষণার জন্য প্রধানমন্ত্রীর প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন জাতীয় দ্বীনি মাদ্রাসা শিক্ষাবোর্ডের চেয়ারম্যান আল্লামা ফরীদ উদ্দীন মাসউদ। তিনি বলেন, প্রধানমন্ত্রীর প্রজ্ঞায় আহমদ শফীর মতো লোকও স্বীকৃতির জন্য বসছেন। স্বীকৃতি ঘোষণার সময় তাড়াহুড়ার কারণে শিক্ষা মন্ত্রণালয়ের যে প্রজ্ঞাপন হয়েছিল, সেখানে অনেক বৈষম্য হয়েছে, গোঁজামিল রয়ে গেছে। এখন আইন করতে গিয়ে এসব গোঁজামিল দূর করতে হবে।

এরই মধ্যে রবিবার ইসলামিক ফাউন্ডেশনের এক বিজ্ঞপ্তিতে কওমি মাদ্রাসার আলেমদের জন্য চাকরির সুযোগের ঘোষণা এলো। যাতে কওমি মাদ্রাসা শিক্ষার জন্য যুগান্তকারী ঘোষণা বলে মনে করছেন আলেম ওলামারা। জানা গেছে, ইসলামিক ফাউন্ডেশন তাদের এ নিয়োগের জন্য লিখিত ও মৌখিক পরীক্ষা নিয়েছে। পরীক্ষায় উত্তীর্ণরাই পাচ্ছেন চাকরি। ফাউন্ডেশনের মহাপরিচালক শামীম মোহাম্মদ আফজাল বলেছেন, দ্বীনি শিক্ষা অনেকের মাধ্যমে বিকৃত হয়ে গেছে। আমরা দ্বীনি শিক্ষাকে বিকৃতির হাত থেকে রক্ষা করার একটি উদ্যোগ নিয়েছি। তিনটি মাধ্যমে পরীক্ষার মাধ্যমে আমরা এক হাজার ১০ জন করে নিয়োগ দেব। প্রত্যেকেই পরীক্ষায় উত্তীর্ণ হয়েছেন। কওমি আলেমদের থেকে নেয়া হচ্ছে এক হাজার ১০জন। বাকিদের নিয়োগের কাজ এখনও শেষ হয়নি। প্রথম পর্যায়ে কওমি আলেমদের নিয়োগ হচ্ছে।

ইসলামিক ফাউন্ডেশন জানিয়েছে, আজ সোমবার সকাল ১০টায় কওমি আলেমদের যোগদান অনুষ্ঠান হবে। বাংলাদেশের ইতিহাসে এক সঙ্গে এত কওমি আলেমের সরকারী চাকরিতে যোগদানের ঘটনা এটাই প্রথম। জানা গেছে, সরকারী চাকরিতে যোগ দেয়ার পর তিন দিনের ওরিয়েন্টেশন প্রশিক্ষণ কর্মশালায় অংশ নেবেন কওমি আলেমরা। বায়তুল মোকাররম জাতীয় মসজিদ মিলনায়তনে বেলা আড়াইটায় ওই কর্মশালার উদ্বোধন করবেন ধর্মমন্ত্রী মতিউর রহমান।